যুগান্তর

তারিখ ... 1 JAN 2017
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ সম্মেলনে অভিযোগ

# আলী হোসেন গার্লস স্কুলের পথ বন্ধ করেছে ইউসুফ স্কুল

**যুগান্তর রিপোর্ট**

রাজধানীর ধানমণ্ডির 'আলী হোসেন গার্লস হাইস্কুল'র মূল প্রবেশদ্বার বন্ধ করে ভবন নির্মাণ করছে সংলগ্ন দ্য ওয়েস্ট ধানমণ্ডি ইউসুফ হাইস্কুল। ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত ৬ শতাধিক শিক্ষার্থীর এ স্কুলটির শিক্ষার্থীরা এখন যাতায়াত করছে পেছনের পথ দিয়ে। 'অবৈধভাবে' দখল করে নেয়া পথের ওই জমিটির একটি অংশ (৪ শতাংশ) সরকারি। এখানে আলী হোসেন গার্লস হাইস্কুলের খেলার মাঠ ছিল। অবিলম্বে ইউসুফ হাইস্কুলের ভবন নির্মাণ বন্ধ এবং আলী হোসেন গার্লস হাইস্কুলের শিক্ষার্থীদের মূল প্রবেশপথ খুলে না দিলে ২ জানুয়ারি সোমবার জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচির ঘোষণা দিয়েছে প্রতিষ্ঠানটি। শনিবার সকালে জাতীয় প্রেস ক্লাবে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন আলী হোসেন গার্লস হাইস্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. ফজলুর রহমান। এ সময় ব্যবস্থাপনা কমিটির সভাপতি নাদের খান, সহকারী প্রধান শিক্ষক রাশেদুল আলম, বিদ্যোৎসাহী সদস্য সাকিব হোসেন টুটুল, অভিভাবক প্রতিনিধি খাদিজা বেগম প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে সরকারি জমি দখল করে নিজস্ব ভবন নির্মাণের অভিযোগ তুলে বলা হয়, ঢাকা মহানগর সিটি জরিপের ১৪৪৬ ও ১৪৪৭ দাগে 'ওয়েস্ট ধানমণ্ডি ইউসুফ হাইস্কুল'র অবস্থান। প্রতিষ্ঠানটি নিজস্ব জমি বাদ দিয়ে আলী হোসেন গার্লস হাইস্কুলের শিক্ষার্থীদের চলাচলের পথের ওপর ভবন তুলছে। ১৩ ডিসেম্বর রাতে ৭টি নারকেল ও মেহগনি গাছ কেটে ৪ শতাংশ সরকারি জমি দখল করে নেয়। ওই স্কুলের দখলদাররা আলী হোসেন গার্লস হাইস্কুলের ৬শ' শিক্ষার্থী প্রবেশের মূল পথ বন্ধ করে দেয়। প্রধান ফটকে তালা লাগিয়ে দেয়ায় এখন পেছনের বিকল্পপথ দিয়ে স্কুলে প্রবেশ করতে হচ্ছে।

এ বিষয়ে ইতিপূর্বে সাধারণ ডায়েরি করা হয়েছে। শিক্ষা অধিদফতর, ঢাকা সিটি কর্পোরেশন, জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট বিভিন্ন দফতরগুলোকে জানানো হয়েছে। স্কুল সংলগ্ন সরকারি জমিতে ভবন নির্মাণ বন্ধ এবং আলী হোসেন গার্লস হাইস্কুলের প্রবেশদ্বার খুলে দিয়ে কোমলমতি শিক্ষার্থীদের যাতায়াত এবং নিরাপত্তা নির্বিঘ্ন করার দাবি জানানো হয় সংবাদ সম্মেলনে।